

www.betar.gov.bd  
www.betar.gov.bd  
www.betar.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার সদর দপ্তর  
বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরিষা  
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
www.betar.gov.bd

জরুরী


স্মারক নম্বর-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮.

২৭৫৮

তারিখ: ২৯/৫/১৮

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফর প্রবর্তী সংবাদ সম্মেলন সরাসরি সম্প্রচার।

- আগামী ৩০ মে ২০১৮খ্রি., বুধবার বিকেল ৪টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাম্প্রতিক ভারত সফরের ওপর গণভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে অংশ নেবেন। উক্ত সংবাদ সম্মেলন বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট [www.betar.gov.bd](http://www.betar.gov.bd) থেকে সরাসরি সম্প্রচার হবে।
- ২। সংবাদ সম্মেলনের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা-প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং এর সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
  - ৩। সংবাদ সম্মেলন সম্প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, জাতীয় অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান ঢাকা-গ, ১১৭০কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে এবং ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
  - ৪। সংবাদ সম্মেলন প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে সংবাদ সম্মেলন প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
  - ৫। সংবাদ সম্মেলন সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর-গণভবন, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ সংক্রান্ত ব্যয় আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা-র টেলিফোন খাত থেকে পরিশোধ হবে।
  - ৬। সংবাদ সম্মেলন সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
  - ৭। সংবাদ সম্মেলন সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ সংবাদ সম্মেলন প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, সংবাদ সম্মেলন যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
  - ৮। সংবাদ সম্মেলন প্রচারকালীন ফিলার প্রচারে অনুমোদিত অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
  - ৯। সংবাদ সম্মেলনটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তারা প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে সংবাদ সম্মেলন সম্প্রচার তত্ত্বাবধান করবেন।
  - ১০। সংবাদ সম্মেলনের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
  - ১১। সংবাদ সম্মেলন শুরুর ২ ঘন্টা পূর্বে ঢাকা কেন্দ্রের বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
  - ১২। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।



(সিদ্দিক হুসাইন আহমেদ)  
উপমহাপরিচালক, অনুষ্ঠান  
মহাপরিচালকের পক্ষে  
ফোন: ০২-৪৪৮১৩০৬৭।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাজার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর।
- ৪। পরিচালক, ট্রান্সক্রিপশন সার্ভিস/লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।